



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৪৬/১৪

তারিখ : ১৫-০১-২০২৪ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ১২-০৪-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২১১২১)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার মহম্মদপুর উপজেলাধীন কুমরুল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গত ১২-০৪-২০২৩ খ্রি. তারিখে এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন দাখিল করেন এবং সংযুক্তিতে মহামান্য হাইকোর্টের ১১৭৪৫/২০২২ নং রিট পিটিশনের আদেশের কপি ও ১৬-০৯-২০২২ খ্রি. তারিখের অনুমোদিত ম্যানেজিং কমিটির কপি প্রেরণ করেছেন। মহামান্য হাইকোর্টের আদেশ পর্যালোচনায় দেখা যায় বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচনের দায়িত্ব প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক পরিচালিত না হওয়ায় ২৬-০৯-২০২২ খ্রি. তারিখের অনুমোদিত ম্যানেজিং কমিটি অবৈধ ঘোষণার আদেশ প্রদান করেন এবং বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠনের নির্দেশ প্রদান করেন মর্মে বিজ্ঞ আইন উপদেষ্টা মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী মাগুরা জেলার মহম্মদপুর উপজেলাধীন কুমরুল মাধ্যমিক বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
কুমরুল মাধ্যমিক বিদ্যালয় (১১৮০৪২)
দীঘা, মহম্মদপুর, মাগুরা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

তারিখ : ১৫-০১-২০২৪ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৪৬/১৪(১-৫)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :


- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা।
- ৫। সংরক্ষণ নথি।


২৫/০১/২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর


২৫/০১/২৪